

“মুজিব বর্ষে বিআরডিবি’র অঙ্গীকার  
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
সরেজমিন বিভাগ, মার্কেটিং শাখা  
৫, কাওরানবাজার, ঢাকা



স্মারক নং ৪৭.৬২.০০০০.৫০৪.০০.০৮৫.২০.৪০১

তারিখঃ ১৪/০১/২০২১ খ্রিঃ


**বিষয়ঃ ক্র্যাশ প্রোগ্রাম ২০২০-২০২১ এর আওতায় ঋণ কার্যক্রমের জেলা ও উপজেলাওয়ারি অগ্রগতি পর্যালোচনা সভার নোটিশ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি’র চলমান ক্র্যাশ প্রোগ্রামের আওতায় সাপ্তাহিক মনিটরিং এর মাধ্যমে সারা দেশের সকল জেলা ও উপজেলা থেকে ঋণ কার্যক্রমের মনিটরিং প্রতিবেদন সংগ্রহপূর্বক বিআরডিবি’র সদর দপ্তরে তা একীভূতকরণ, বিশ্লেষণ ও মূল্যায়ন করা হচ্ছে। প্রাপ্ত প্রতিবেদনসমূহ পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, অনেক উপজেলার ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সন্তোষজনক নয়। এ ছাড়া বিআরডিবি’র মহাপরিচালক মহোদয় কর্তৃক প্রদত্ত খেলাপী ঋণ আদায়ের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের তৎপরতা বৃদ্ধি করা প্রয়োজন।

এমতাবস্থায়, মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায় কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের সাথে সভা করে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেয়ার জন্য মহাপরিচালক মহোদয় টাস্কফোর্স প্রধানগণকে নির্দেশনা প্রদান করেছেন। এ লক্ষ্যে টাস্কফোর্স প্রধানগণের সভাপতিত্বে নিম্নবর্ণিত সিডিউল মোতাবেক বিভাগওয়ারি জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের সাথে ভারুয়াল সভা অনুষ্ঠিত হবেঃ

সভার তারিখ ও সময়	সভাপতি	বিভাগের নাম	অংশগ্রহণকারী কর্মকর্তা
১৭/০১/২০২১ খ্রিঃ (রবিবার) বিকেল ৩.০০ টা	পরিচালক (প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা ও টাস্কফোর্স প্রধান, ঢাকা বিভাগ	ঢাকা বিভাগ	উপপরিচালক (সকল), ইউআরডিও (সকল), প্রকল্প কর্মকর্তা (সকল), ঢাকা বিভাগ।
১৯/০১/২০২১ খ্রিঃ (মঙ্গলবার) সকাল ১১.০০ টা	পরিচালক (সরেজমিন), বিআরডিবি, ঢাকা ও টাস্কফোর্স প্রধান, চট্টগ্রাম বিভাগ	চট্টগ্রাম বিভাগ	উপপরিচালক (সকল), ইউআরডিও (সকল), প্রকল্প কর্মকর্তা (সকল), চট্টগ্রাম বিভাগ।
২০/০১/২০২১ খ্রিঃ (বুধবার) সকাল ১১.০০ টা	পরিচালক (অর্থ), বিআরডিবি, ঢাকা ও টাস্কফোর্স প্রধান, খুলনা ও বরিশাল বিভাগ	খুলনা ও বরিশাল বিভাগ	উপপরিচালক (সকল), ইউআরডিও (সকল), প্রকল্প কর্মকর্তা (সকল), খুলনা ও বরিশাল বিভাগ।
২১/০১/২০২১ খ্রিঃ (বৃহস্পতিবার) সকাল ১১.০০ টা	পরিচালক (পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা ও টাস্কফোর্স প্রধান, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগ	রাজশাহী ও ময়মনসিংহ বিভাগ	উপপরিচালক (সকল), ইউআরডিও (সকল), প্রকল্প কর্মকর্তা (সকল), রাজশাহী ও ময়মনসিংহ বিভাগ
২১/০১/২০২১ খ্রিঃ (বৃহস্পতিবার) বিকেল ৩.০০ টা	পরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা ও টাস্কফোর্স প্রধান, রংপুর ও সিলেট বিভাগ	রংপুর ও সিলেট বিভাগ	উপপরিচালক (সকল), ইউআরডিও (সকল), প্রকল্প কর্মকর্তা (সকল), রংপুর ও সিলেট বিভাগ

বর্ণিত সভাসমূহে সিডিউল মোতাবেক নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট বিভাগের অধীন জেলা ও উপজেলার কর্মকর্তাগণকে স্ব দপ্তর থেকে জুম এ্যাপের মাধ্যমে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। **জুম আইডিঃ 926 168 0598** এবং **পাসওয়ার্ডঃ DGBRDB1234**। জুম এ্যাপের সীমাবদ্ধতার কারণে সদর উপজেলার কর্মকর্তাগণ জেলা কার্যালয়ের সাথে একত্রে অংশগ্রহণ করবেন।


  
তারিখঃ ১৪/০১/২০২১  
মোঃ সফিদ কুতুব (যুগ্মসচিব)  
পরিচালক (প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা  
ও

কার্যকরী সমন্বয়ক, ক্র্যাশ প্রোগ্রাম ২০২০-২০২১।

চলমান পাতা

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। পরিচালক (-----), বিআরডিবি, ঢাকা ও টাস্কফোর্স প্রধান (সকল), ক্র্যাশ প্রোগ্রাম ২০২০-২০২১।
- ২। যুগ্ম পরিচালক/প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট),-----, বিআরডিবি, ঢাকা ও মনিটরিং কর্মকর্তা (সকল), ক্র্যাশ প্রোগ্রাম ২০২০-২১।
- ৩। উপপরিচালক (-----), বিআরডিবি, ঢাকা ও দলনেতা (সকল), ক্র্যাশ প্রোগ্রাম ২০২০-২০২১।
- ৪। উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়), বিআরডিবি, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। উপপরিচালক (প্রোগ্রামিং) বিআরডিবি, ঢাকা (সভার নোটিশ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। উপপরিচালক (সকল), বিআরডিবি, ----- জেলা।
- ৮। অফিস কপি।



মোঃ আলাউদ্দিন সরকার  
উপপরিচালক (মার্কেটিং)

ও

ফোকাল পয়েন্ট, ক্র্যাশ প্রোগ্রাম ২০২০-২০২১।